

তারিখ: ২৬/১১/২০২৫ খ্রি.


২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল। ভর্তি পরীক্ষার তারিখ পরবর্তীতে কলেজের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ জানানো হবে।


- ১। প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পূরণ ও প্রিন্টকপি সংগ্রহের তারিখ : ২৩/১১/২০২৫ হতে ৩১/১২/২০২৫ খ্রি.
- ২। শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার ৭দিন পূর্বে Applicant Login থেকে প্রবেশপত্র ডাউনলোড এবং প্রবেশপত্রসহ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৩। শিক্ষার্থীকে আগামী ২৩/১১/২০২৫ হতে ৩১/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।

User Name: rangamatistudent এবং **Password:** rangamatistudent

- (ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Hons, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।
 - (খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ 2025-2026 এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।
 - (গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
 - (ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ৪। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:
- (ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab -এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে চাহিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
 - (খ) আবেদনকারীর ছবি (মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
 - (গ) সঠিকভাবে সকল তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।
 - (ঘ) প্রিন্টকৃত প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর (তারিখসহ) করতে হবে।
- ৫। প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ:
- (ক) বাংলাদেশের স্বীকৃত সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মানবিক/ব্যবসায় শিক্ষা/বিএম/ডিপ্লোমা-ইন-কমার্স শাখায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২২/২০২৩ সালের SSC/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ (৪র্থ বিষয়সহ), ২০২৩/২০২৪ সালের HSC/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ (৪র্থ বিষয়সহ) এবং উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫ থাকতে হবে।
 - (খ) বাংলাদেশের স্বীকৃত সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান/HSC ভোকেশনাল শাখায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২২/২০২৩ সালের SSC/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ (৪র্থ বিষয়সহ), ২০২৩/২০২৪ সালের HSC/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ (৪র্থ বিষয়সহ) এবং উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৭৫ থাকতে হবে।
 - (গ) ২০২২/২০২৩ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৪/২০২৫ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে অনলাইনে আবেদন না করে ৪ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন করবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার ৭ দিন পূর্বে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
 - (ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীরা বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত SSC/HSC পাশের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে অনলাইনে আবেদন না করে ৪ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন করবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার ৭ দিন পূর্বে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
 - (ঙ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/পাস) শ্রেণির নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ভর্তি হতে পারবে।
 - (চ) অধিভুক্ত বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান এবং গণিত।


(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


(মুহাম্মদ মনজু মিয়া)
আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি/২০২৫-২০২৬
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি/২০২৫-২০২৬, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ----- (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে এ বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।